রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, সেপ্টেম্বর ১৩, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৯৩-/আইন/২০২১।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;


**মূল্য :** টাকা ৩০.০০

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" বা "জিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং, এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি, ক্ষেত্রমত, মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন;

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে বদলির মাধ্যমে। | অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | সিস্টেম ম্যানেজার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩। | সিনিয়র সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>চিফ, ডকুমেনটেশন, লাইব্রেরী ও প্রকাশনা বিভাগ অথবা চিফ, স্টাটিসটিকস বিভাগ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা উপপরিচালক (প্রশাসন) বা উপপরিচালক (অর্থ) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>উপসচিব বা সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৫। | চিফ, ডকুমেনটেশন, লাইব্রেরী ও প্রকাশনা বিভাগ | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>স্পেশালিস্ট (ডকুমেন্টেশন), স্পেশালিস্ট (লাইব্রেরি) বা স্পেশালিস্ট (পাবলিকেশন) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | চিফ, স্টাটিসটিকস বিভাগ | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>স্পেশালিস্ট (পরিসংখ্যান) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে । |
| ৭। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | সিনিয়র প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | উপপরিচালক (প্রশাসন) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী পরিচালক (প্রশাসন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:** সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১০। | উপপরিচালক (অর্থ) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী পরিচালক (অর্থ) বা হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১১। | স্পেশালিস্ট (ডকুমেন্টেশন) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** ডকুমেন্টেশন অফিসার বা গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১২। | স্পেশালিস্ট (লাইব্রেরি) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৩। | স্পেশালিস্ট (পাবলিকেশন) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** পাবলিকেশন অফিসার বা গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:** সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | স্পেশালিস্ট (পরিসংখ্যান) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিসংখ্যান অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে:**<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৫। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৬। | সহকারী পরিচালক (প্রশাসন) | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৭। | সহকারী পরিচালক (অর্থ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি বা ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৮। | ডকুমেন্টেশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী ডকুমেন্টেশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৯। | পাবলিকেশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী পাবলিকেশন অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২০। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>**পদোন্নতির ক্ষেত্রে:**</u><br>সহকারী লাইব্রেরিয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২১। | পরিসংখ্যান অফিসার | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৬০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৪০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী পরিসংখ্যান অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২২। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২৩। | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, গণিত, সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৪। | এ্যাসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৫। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি সম্মান বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৬। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>হেড এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৭। | সহকারী ডকুমেন্টেশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ডকুমেন্টেশন সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ২৮। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ক্যাটালগার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৯। | সহকারী পাবলিকেশন অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পাবলিকেশন সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা আর্টিষ্ট/ক্যালিওগ্রাফার পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩০। | সহকারী পরিসংখ্যান অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, অর্থনীতি, গণিত (স্নাতক পর্যায়ে অর্থনীতি অথবা পরিসংখ্যান), বাণিজ্য, জনতত্ত্ব, সমাজবিজ্ঞান বা সমাজকল্যাণ (স্নাতক পর্যায়ে অর্থনীতি অথবা পরিসংখ্যান) বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩১। | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ একাউনটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩২। | স্টোর অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ স্টোর কীপার পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩৩। | টেকনিশিয়ান (ক্যামেরা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৪। | টেকনিশিয়ান (অডিও ও ভিডিও) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইনফরমেশন টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। |
| ৩৫। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১১) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৬। | একাউনটেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার বা সহকারী হিসাবরক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office- এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৭। | হেড এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>উচ্চমান সহকারী বা সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত বা অর্থনীতি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ট্রি অপারেটর বা ল্যাব এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৪০। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪১। | পাবলিকেশন সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪২। | ডকুমেন্টেশন সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br><br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br><br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৩। | উচ্চমান সহকারী-কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br><br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা রেকর্ড কীপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br><br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br><br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৪। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫। | ক্যাটালগার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণসহ সংকলক (কম্পাইলার) বা লাইব্রেরি সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৬। | সহকারী হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৮। | আর্টিস্ট/ক্যালিও গ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফাইন আর্টস বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রকাশনা সংক্রান্ত হস্তলিখন, ডিজাইন, আর্ট, ক্যালিগ্রাফি, ইত্যাদি কাজে পারদর্শিতা ও বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৯। | প্রুফ রিডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রুফ রিডিং কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫০। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | মোট পদের শতকরা-<br>(ক) ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) ক্যাশ সরকার বা ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(খ) অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫১। | সংকলক (কম্পাইলার) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>বুক সর্টার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫২। | লাইব্রেরি সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>লাইব্রেরি হেলপার পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৩। | স্টোর কীপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাশ সরকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৪। | ডাটা এন্ট্রি অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৫। | ল্যাব এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৬। | রেকর্ড কীপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৭। | ড্রাইভার | ৩০ বৎসর | (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) আউট সোসিং-এর মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লাইসেন্সসহ হালকা বা ভারী মোটরযান চালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>আউট সোসিং এর ক্ষেত্রে:</u>**<br>অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। |
| ৫৮। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | ফটোকপি অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে। | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস সহায়ক অথবা স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬০। | বুক সর্টার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>লাইব্রেরি হেলপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬১। | ইলেক্ট্রিশিয়ান | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬২। | লাইব্রেরি হেলপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৩। | লিফটম্যান | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৬৪। | ডেসপাচ রাইডার | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী। | | |
| ৬৫। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৬। | বার্তাবাহক | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৭। | পরিচ্ছন্নতা কর্মী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | | |
| ৬৮। | নিরাপত্তা প্রহরী | পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |
| ৬৯। | মালী | অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে কোনো পদ শূন্য হইলে অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত "আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" অনুযায়ী শূন্য পদ পূরণ করিতে হইবে। | | |

## তফসিল-২

[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | বিষয়ভিত্তিক নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ৭৫ | ৫০% | ৩ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ৭৫ | | |
| | ৩। গণিত | ২৫ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২৫ | | |
| | মোট নম্বর : | ২০০ | | |
| মৌখিক পরীক্ষা | | ২৫ | - | - |
| | সর্বমোট : | ২২৫ | - | - |

**ব্যাখ্যা।-** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৩

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক ৩৬, ৩৭, ৩৮, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৫ ও ৫৬ এ বর্ণিত পদে

সরাসরি নিয়োগ প্রার্থীদের লিখিত পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | বিষয়ভিত্তিক নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২৫ | ৫০% | ৩ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২৫ | | |
| | ৩। গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ২০ | | |
| | মোট নম্বর : | ৯০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | - | - |
| | সর্বমোট নম্বর : | ১০০ | - | - |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় এবং তফসিল-৪ এ বর্ণিত কম্পিউটারে মুদ্রাক্ষর/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৪**

[বিধি-২(খ) দ্রষ্টব্য]

উচ্চমান সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ল্যাব এ্যাসিসটেন্ট পদে, ক্ষেত্রমত, সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি

| ইংরেজতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং ৫৭, ৫৮, ৬০, ৬২ ও ৬৫ তে বর্ণিত পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের লিখিত পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | বিষয়ভিত্তিক নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ১০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ১০ | | |
| | ৩। গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল | ১০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট নম্বর : | ৪০ | | |
| মৌখিক পরীক্ষা | | ১০ | - | - |
| | সর্বমোট নম্বর : | ৫০ | - | - |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় এবং ড্রাইভারদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুব হোসেন**
সচিব
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd